প্রতিদিন অন্তত একবার বোর্ডের ওয়েব সাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (শর্টকোর্স শাখা)
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
Web site : www.bteb.gov.bd

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩২.০০১.১৮.৩৫৩ তারিখঃ ১২-১১-২০১৮ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের নিয়ন্ত্রণাধীন জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ ঘন্টা (৬ মাস ও ৩ মাস) মেয়াদি কোর্সের **(জুলাই-ডিসেমবর ও অক্টোবর-ডিসেমবর ২০১৮ সেশন)** ২০১৮ সনের চূড়ান্ত লিখিত পরীক্ষা **আগামী ১১ জানুয়ারি ২০১৯ খ্রিঃ শুক্রবার** সকাল ১০.০০ টায় বোর্ড কর্তৃক নির্বাচিত পরীক্ষাকেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে। **ব্যবহারিক পরীক্ষা আগামী ১১ ও ১২ জানুয়ারি ২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হবে।** পরীক্ষার্থীর সংখ্যা ও ল্যাবের সুবিধাদির উপর বিবেচনা করে শুধু কম্পিউটার এ্যাপ্লিকেশন(কোড-৭৬) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা বোর্ডকে অবহিত করে ১৩ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ তারিখে নেওয়া যাবে।

পরীক্ষাকেন্দ্রের বিস্তারিত তালিকা পরবর্তিতে জানানো হবে। এ ছাড়া বোর্ডের ওয়েব সাইটে (www.bteb.gov.bd) এতদসংক্রান্ত তথ্যাদি দেখা যাবে।

- **প্রতিটি কেন্দ্রের E-mail ঠিকানা, কেন্দ্রের নাম,কেন্দ্র কোড ও মোবাইল নমবরসহ**(প্রতিষ্ঠান প্রধানের) controller@bteb.gov.bd ও sultanhossain07@gmail.com তে ই-মেইল **এবং ০১৭১৪০৭৫৮৩৮ ও ০১৭১৫১০৮৫৪৯ মোবাইল নমবরে এসএমএস** করে ০২ ডিসেমবর ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে পাঠাতে হবে এবং **E-mail ঠিকানার হার্ড কপি অবশ্যই ০২-১২-২০১৮ খ্রিঃ তারিখ হতে ২০-১২-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলায় শর্ট কোর্স শাখায় জমা দিতে হবে (যে সকল কেন্দ্র এখনও E-mail একাউন্ট খোলেন নাই)।**
- ই-মেইল ঠিকানা খোলার পরামর্শ (ইংরেজী ছোট হাতের অক্ষর হবে) ঃ প্রতিষ্ঠান কোড . জেলার ৩ অক্ষর . উপজেলার ৩ অক্ষর . প্রতিষ্ঠানের নামের প্রতিটি শব্দের প্রথম অক্ষর @ আপনার পছন্দমত যে কোন সার্চইঞ্জিন yahoo.com/gmail.com ইত্যাদি।

**অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান বাকাশিবো/একাডে/১১৮১/মে, ২০১৬ মোতাবেক মান বণ্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।**

১। যে সকল পরীক্ষার্থী ২০১৮ সনের (জুলাই-ডিসেমবর ও অক্টোবর-ডিসেমবর ২০১৮ সেশন) জাতীয় দক্ষতামান বেসিক ৩৬০ঘন্টা (৩ ও ৬ মাস) মেয়াদি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন শুধুমাত্র তারাই **১১ জানুয়ারি ২০১৯ খ্রিঃ** তারিখে অনুষ্ঠিতব্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

২। **উত্তরপত্রের কভার পেজ OMR (লিথু কোড) শীট যুক্ত হবে।**

৩। কেন্দ্র সচিবগণ অত্যন্ত গোপনিয়তা ও কঠোর নিরাপত্তার সাথে পরীক্ষা পরিচালনা সংক্রান্ত কার্যাবলি সম্পন্ন করবেন। পরীক্ষা সামাপ্তির পর উত্তরপত্রের **লিথুর ১ম অংশ বিষয়ভিত্তিক পৃথক পৃথক বক্স** এর ভিতর প্যাকেট করতে হবে এবং উত্তরপত্র বিষয়ভিত্তিক পৃথক করে প্যাকেট করতে হবে। **পরে লিথুর বক্স ও উত্তরপত্র একটা প্যাকেটে করে হলুদ কাপড় দিয়ে সেলাই ও সিল গালা করে** বোর্ডে প্রেরণ করতে হবে। পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ/প্রেরণ নিম্নবর্ণিত ঠিকানায় করতে হবেঃ

**(অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে)**

**পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা**
**দৃষ্টি আকর্ষণঃ মোঃ সুলতান হোসেন, উপ-পরীক্ষা নিয়ন্ত্রক**
**শর্ট কোর্স শাখা, বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা**
**বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।**
**মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯**

**উত্তরপত্র ও লিথুর ১ম অংশ সরকারী/প্রশাসনের/ কর্মকর্তাদের উপস্থিতিতে ঐ দিনই ডাকযোগে পাঠাতে হবে। শুক্রবার পোষ্ট অফিস খোলা রাখার ব্যাপারে পত্র দিয়ে এবং স্বশরীরে যোগাযোগ করে পোষ্ট অফিস খোলা রাখা নিশ্চিত করতে হবে। কোনক্রমেই লিথুর ১ম অংশ ও উত্তরপত্র নির্ধারিত দিনের পরে পাঠানো যাবে না। যে সকল কেন্দ্র / প্রতিষ্ঠান উত্তর পত্র ও লিথুর ১ম অংশ যথাসময়ে পাঠাতে ব্যর্থ হবে, কোন পত্র ছাড়াই সে সকল কেন্দ্র বাতিল করা হবে।**

৪। তাত্ত্বিক ধারাবাহিক ও ব্যবহারিক ধারাবাহিক নম্বর (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে) এবং চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার নম্বর (সংশ্লিষ্ট কেন্দ্র হতে) Online এর মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে (বিস্তারিত পরীক্ষার কেন্দ্র হতে জানা যাবে)। প্রবিধান ২০১৬ মোতাবেক নমবর বিন্যাসঃ (তাত্ত্বিক ধারাবাহিক নম্বর **TC -এর পূর্ণ মান ৪০, উত্তীর্ণ মান ২৪, ব্যবহারিক ধারাবাহিক** নম্বর **PC-এর পূর্ণমান ২০০, উত্তীর্ণমান ১২০,** তাত্ত্বিক চূড়ান্ত **TF পরীক্ষার পূর্ণ মান ৬০, উত্তীর্ণ মান ৩৬, ব্যবহারিক চূড়ান্ত PF পরীক্ষার পূর্ণমান ২০০, উত্তীর্ণমান ১২০)।**

৫। **আগামী ০২-২০ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ (বিভাগ/জেলা সিডিউল অনুযায়ী) তারিখের মধ্যে এবং ব্যাংক ড্রাফট জমার স্লিপ মূলকপি ও পরীক্ষার্থীদের তালিকা প্রদান করে প্রতিষ্ঠানসমূহকে নিজ দায়িত্বে রেজিস্ট্রেশন শাখায় (৪র্থ তলা) প্রতিষ্ঠানের ফোন নম্বর এন্ট্রি করে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।**

 **পরীক্ষাকেন্দ্রের প্রয়োজনীয় উত্তরপত্র ও অন্যান্য পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণের সিডিউলঃ**

| ক্রমিক নং | বিভাগ/জেলা | বোর্ড হতে রেজিস্ট্রেশন কার্ড ও কেন্দ্রর পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র বিতরণের তারিখ | Online-এরমাধ্যমে TC,PC নম্বর প্রেরণের তারিখ |
|---|---|---|---|
| ০১ | রংপুর বিভাগের সকল জেলা। | ০৯-১২-২০১৮ খ্রিঃ | ২০-১২-২০১৮খ্রিঃ থেকে ১০-০১-২০১৯ খ্রিঃ |
| ০২ | রাজশাহী বিভাগের সকল জেলা। | ১০-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৩ | খুলনা বিভাগের সকল জেলা। | ১১-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৪ | সিলেট বিভাগের সকল জেলা। | ১২-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৫ | চট্রগ্রাম বিভাগের সকল জেলা। | ১৩-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৬ | বরিশাল বিভাগের সকল জেলা। | ১৭-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৭ | শরিয়তপুর,মাদারীপুর,গোপালগঞ্জ,ফরিদপুর,রাজবাড়ী,মানিকগঞ্জ | ১৮-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৮ | মুন্সীগঞ্জ,ঢাকা,নারায়নগঞ্জ, নরসিংদী,গাজীপুর,টাংগাইল | ১৯-১২-২০১৮ খ্রিঃ | |
| ০৯ | জামালপুর,শেরপুর,ময়মনসিংহ,নেত্রকোণা,কিশোরগঞ্জ এবং অন্যান্য সকল | ২০-১২-২০১৮ খ্রিঃ | |

 **উল্লেখ্য, রেজিস্ট্রেশন কার্ড পরীক্ষার প্রবেশপত্র হিসেবে গণ্য হবে।**

৬। বোর্ড কর্তৃক প্রেরিত প্রশ্নপত্রে চূড়ান্ত লিখিত ও ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে। চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার প্রশ্নপত্র পরীক্ষার দিন কেন্দ্রের E-mail ঠিকানায় - প্রেরন করা হবে(ব্যতীক্রম কম্পিউটার এ্যাপ্লিকেশন, কোড-৭৬, ব্যবহারিক পরীক্ষার প্রশ্নপত্র **১১,১২ ও ১৩ জানুয়ারি ২০১৯ খ্রিঃ** প্রেরন করা হবে)। চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সমাপ্তির পর পরই বা সর্বোচ্চ ২ দিনের মধ্যে হাজিরা সীট TC,PC ও PF-এর হার্ড কপিসহ অন্যান্য তথ্যাদি এক সাথে বাঁধাই করে অবশ্যই হলুদ কাপড়ের প্যাকেটে সীলগালা করে (প্রতিষ্ঠান এবং কেন্দ্র যৌথভাবে) বোর্ডের ঠিকানায় পাঠাতে হবে।

৭। পরীক্ষা শুরুর ৩ দিন পূর্বে শুধুমাত্র উপস্থিত প্রতি পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ২০০/-টাকা হারে কেন্দ্র ফি বাবদ টাকা সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট নগদ (রশিদ প্রাপ্তি সাপেক্ষে) জমা দিতে হবে।

৮। পরীক্ষা শুরুর এক সপ্তাহ পূর্বে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা একটি পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করবেন। কেন্দ্রাধীন প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান অথবা তার মনোনীত একজন শিক্ষক নিয়ে পরীক্ষা কমিটি গঠন করতে হবে। পরীক্ষা কমিটির সদস্যসহ ব্যবহারিক পরীক্ষকদের পারিশ্রমিক এবং অন্যান্য ব্যয় কেন্দ্র ফি খাতে আদায়কৃত অর্থ থেকে নির্বাহ করতে হবে।

৯। পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট / টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট/অন্যান্য কেন্দ্র) পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সংখ্যক আভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক নিজ শিক্ষা প্রতিষ্ঠান এবং পরীক্ষাকেন্দ্র হতে অথবা ইন্ডাস্ট্রি হতে প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক **নিয়োগের প্রস্তাবিত তালিকা প্রস্তুত করে সফ্ট কপি আগামী ১২ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে E-mail ঠিকানা controller@bteb.gov.bd ও sultanhossain07@gmail.com তে ই-মেল প্রেরণ করতে হবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রাপ্ত ও পাঠদানকারী শিক্ষকদের মধ্য হতে অভ্যন্তরীণ এবং পরীক্ষাকেন্দ্র হতে অথবা ইন্ডাস্ট্রি হতে প্রয়োজনীয় সংখ্যক অনাভ্যন্তরীণ পরীক্ষকের নিয়োগের প্রস্তাবিত তালিকার হার্ড কপি পরীক্ষা শুরু হওয়ার ১০ (দশ) দিন পূর্বে অথবা পরীক্ষা সংক্রান্ত মালামাল বিতরণের/রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সিডিউল অনুযায়ি শর্টকোর্স শাখায় বোর্ড ভবনের পিছনে ৫ম তলা বিল্ডিং-র ৪র্থ তলা জমা দিতে হবে।**

১০। অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন।

১১। **পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব** পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র,পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের/সংগ্রহের ব্যবস্থা করবেন। তবে,সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুতবপূর্ণ দলিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুতের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে। যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে। **উল্লেখ্য যে, উত্তরপত্র ও ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করার পর অতিরিক্ত উত্তরপত্র ও অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পর হাতে হাতে বোর্ডে প্রেরণ করতে হবে।**

১২। অভ্যন্তরীণ এবং অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন এবং নম্বর প্রদান করবেন। হার্ড কপিতে যৌথভাবে স্বাক্ষর তারিখ ও শীল প্রদান করবেন।

১৩। কেন্দ্র সচিবগণ প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে চূড়ান্ত ব্যবহারিক পরীক্ষার সময়সূচি পরীক্ষা শুরু হওয়ার নুন্যতম ৭ (সাত) দিন পূর্বে প্রস্তুত করে দায়িত্ব প্রাপ্ত ডেস্ক অফিসারের ই-মেইল এবং পরীক্ষা নিয়ন্ত্রকের ই-মেইলে পাঠাতে হবে। ল্যাবের ও যন্ত্রপাতির সুযোগ-সুবিধা বিবেচনা করে ব্যবহারিক পরীক্ষার গ্রুপ ভিত্তিক সময়সূচি নিমেণ নমুনা ছক অনুযায়ী উল্লেখ করতে হবে। নির্দিষ্ট তারিখে ব্যবহারিক পরীক্ষা সমাপ্ত করতে না পারলে পরের দিন ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে। এক্ষেত্রে শুক্রবার,শনিবার ও প্রয়োজনে রবিবার ব্যবহারিক পরীক্ষা নেওয়া যাবে।

| কেন্দ্রের নাম, কোড, ঠিকানা , মোবাইল নমবর ও ই-মেইল ঠিকানা। | গ্রুপ নং ১. ২. ৩. ৪. | পরীক্ষার্থীর সংখ্যা ও রেজিঃ নমবরের ক্রমিক (XXXXXX হতে ZZZZZZ পর্যন্ত)। | বিষয়ের নাম ও কোড | পরীক্ষার তারিখ ও সময় | ল্যাব/ওয়ার্কশপেরে নাম | আভ্যন্তরিন পরীক্ষকের নাম পদবী, ঠিকানা , মোবাইল নমবর ও ই-মেইল ঠিকানা (যদি থাকে)। | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|

১৪। **পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা/কেন্দ্র সচিব** পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্রের চাহিদা পত্র পূরণ করে,পরীক্ষা সংক্রান্ত গুরুত্বপূর্ণ দলিলাদি একজন প্রশিক্ষক বা সমপর্যায়ের ব্যক্তির মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের/সংগ্রহের ব্যবস্থা করবেন। তবে সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য। পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ও গুরুতবপূর্ণ দলিলাদি একটি রেজিস্টার খাতায় লিপিবদ্ধ করে তার খরচ ও মজুতের পরিমাণ সংরক্ষণ করে রাখতে হবে যা পরবর্তী পরীক্ষার চাহিদার সময় সংযুক্ত করতে হবে। **উল্লেখ্য যে, উত্তরপত্র ও ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করার পর অতিরিক্ত উত্তরপত্র ও অতিরিক্ত ব্যবহারিক উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পর হাতে হাতে বোর্ডে জমা দিতে হবে।**

১৫। **পরীক্ষার্থীর উপস্থিত ও অনুপস্থিতির পরিসংখানের ছক।**

| ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম | মোট পরীক্ষার্থীর সংখ্যা | উপস্থিত (মোট পরীক্ষার্থীর সংখ্যা | অনুপস্থিত (পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন/রোল নম্বরসহ মোট সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

১৬। **উত্তর পত্রের লিথু(Litho) পরীক্ষার্থীর অংশের (Top part) তথ্যাবলীঃ**

১৬.১ পরীক্ষার পর্ব/বর্ষ লিখার প্রয়োজন নাই।

১৬.২ কারিকুলাম কোডঃ **৩০(ত্রিশ)** সকল বেসিক ট্রেডের জন্য দিতে হবে।

১৬.৩ ট্রেড/স্পেশালাইজেশন/টেকনোলজিঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড বসবে।**

১৬.৪ পরীক্ষার্থীর রোল লিখার প্রয়োজন নাই (রোলের ঘর ফাঁকা থাকবে)।

১৬.৫ **রেজিস্ট্রেশন নম্বরঃ** ১০ ঘর (অংক) বিশিষ্ট **রেজিস্ট্রেশন নম্বর** থাকবে।(**রেজিস্ট্রেশন নম্বর** ০৬ ঘর (অংক) বিশিষ্ট **হলে বৃত্ত ভরাট ১৬.৮ অনুযায়ী** করনীয়)।

১৬.৬ সেশন কোডঃ সেশনের ঘরে, সেশন অনুযায়ী সেশন কোড ০০৩১/ ০০৩২/ ০০৩৩/ ০০৩৪/ ০০২১/ ০০২২ বসবে। নিমেণ ছকে বর্ণিতঃ

| সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড | সেশন | সেশন কোড |
|---|---|---|---|---|---|
| জানুয়ারি-মার্চ | ০০৩১ | এপ্রিল-জুন | ০০৩২ | জুলাই-সেপ্টম্বর | ০০৩৩ |
| **অক্টোবর-ডিসেম্বর** | **০০৩৪** | জানুয়ারি-জুন | ০০২১ | **জুলাই-ডিসেম্বর** | **০০২২** |

১৬.৭ বিষয় কোডঃ **পরীক্ষার্থীর ভর্তির স্ব স্ব ট্রেড কোড হবে।**

১৬.৮ রেজিস্ট্রেশন নম্বর ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

১৬.৯ অনুরূপভাবে বিষয় কোড ডান হতে (একক স্থানীয় অংক) পুরণ শুরু করতে হবে। বাকী বাম দিকের ঘরগুলো (যদি থাকে) ০ (শূন্য) দিয়ে বৃত্ত বরাট করতে হবে।

১৬.১০ এ বিষয়ে প্রতিষ্ঠানের প্রধানগণ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের মাধ্যমে পরীক্ষা শুরুর পূর্বেই শ্রেণী শিক্ষক দ্বারা প্রশিক্ষণের ব্যবস্থা নিবেন।

১৬.১১ পুরাতন লিথোযুক্ত উত্তরপত্র ব্যবহার করা যাবে না উহা বোর্ডে ফেরৎ দিতে হবে।

১৬.১২ একটি নমুনা কপি সংযুক্ত করা হলো।

স্বাক্ষরিত
**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ঢাকা-১২০৭
ফোনঃ ৯১১৩২৮৩, ০১৭১৪০৭৫৮৩৮

স্মারক নং-৫৭.১৭.০০০০.৩০৪.৩৩.০০১.১৮. ৩৫৩ (২১১৩) তারিখঃ ১২-১১-২০১৮ খ্রিঃ

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহা-পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

২. মহা-পরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রশিক্ষণ ভবন, কাকরাইল, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (STEP), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, পশ্চিম আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক (প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৬. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. পরিচালক (কারিকুলাম), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. জেলা প্রশাসক, সকল জেলা।
৯. উপজেলা নির্বাহী অফিসার, সংশ্লিষ্ট সকল উপজেলা।
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **আগামী ০২ ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ তারিখের পূর্বে রেজিস্ট্রেসন কার্ড প্রিন্টপূর্বক রেজিস্ট্রেশন শাখায় প্রেরণ করাসহ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।**
১১. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **অত্র বোর্ডের অনুমোদিত প্রবিধান অনুযায়ী উক্ত পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন, প্রেরণ এবং এতদসংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।**
১২. উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা **(উল্লেখিত সিডিউল মোতাবেক রেজিস্ট্রেশন কার্ড সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
১৩. প্রোগ্রামার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪. পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট/টেকনিক্যাল ট্রেনিং সেন্টার/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ/টেক্সটাইল ভোকেশনাল ইন্সটিটিউট/ সমাজ সেবা/ট্রাস্ট টেকনিকেল ট্রেনিং সেন্টার/ আনসার ভিডিপি ট্রেনিং সেন্টার/ প্রতিষ্ঠান -------------------।
১৫. ডকুমেন্টেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৬. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। **(উল্লেখিত সিডিউল মোতাবেক পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় মালামাল সরবরাহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
১৭. আঞ্চলিক পরিদর্শক, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সমূহ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
১৮. সহকারী-পরিচালক (প্রকাশনা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১৯-২১১১। **অধ্যক্ষ/পরিচালক, জাতীয় দক্ষতমান বেসিক ৩৬০ ঘন্টা কম্পিউটার প্রশিক্ষণ এবং অন্যান্য কোর্স পরিচালনাকারী সকল প্রতিষ্ঠান TC (তাত্ত্বিক ধারাবাহিক) ও PC (ব্যাবহারিক ধারাবাহিক) এর নম্বর** Online-এর **মাধ্যমে পূরণকৃত নম্বরের হার্ড কপি সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব এর নিকট জমা দেওয়ার অনুরোধসহ।**
২১১২। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২১১৩। নথি।

**(মোঃ সুলতান হোসেন)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা-১২০৭
মোবাইলঃ ০১৭১৫-১০৮৫৪৯




